

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৪০১

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرّ وَالْإِحْسَان)

পরিচ্ছেদঃ মানুষের জন্য আবশ্যক হলো গোপন আমল চর্চার ব্যাপারে যত্নবান হওয়া

ذِكْرُ الْإِخْبَارِ عَمَّا يَجِبُ عَلَى الْمَرْءِ مِنْ لُزُومِ الرِّيَاضَةِ وَالْمُحَافَظَةِ عَلَى أَعْمَالِ السِّرّ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ زُهَيْرٍ بِالْأَبُلَّةِ قَالَ حَدَّتَنَا نَصْرُ بْنُ عَلِي الْجَهْضَمِيُّ قَالَ أَخْبَرَنَا نُوحُ بْنُ قَيْسٍ عَنْ عَمْرِو بْنِ مَالِكِ عَنْ أَبِي الجوزاء عن بن عَبَّاسٍ أَنَّهُ قَالَ كَانَتْ تُصلِّي خَلْفَ رَسُولِ اللَّهِ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ امْرَأَةٌ حَسْنَاءُ مِنْ أَحْسَنِ النَّاسِ فَكَانَ بَعْضُ الْقَوْمِ يَتَقَدَّمُ فِي الصَّفِّ الْأُوّلِ لِأَنْ لَا يَرَاهَا وَيَسْتَأْخِرُ بَعْضَهُمْ حَتَّى يَكُونَ فِي الصَّفِّ الْمُوَخَّرِ فَكَانَ إِذَا رَكَعَ نَظَرَ مِنْ تَحْتِ إِبْطِهِ فَأَنْزَلَ اللَّهُ فِي شَأْنِهَا {وَلَقَدْ عَلِمْنَا الْمُسْتَقْدِمِينَ مِنْكُمْ وَلَقَدْ عَلِمْنَا الْمُسْتَقْدِمِينَ مِنْكُمْ وَلَقَدْ عَلِمْنَا الْمُسْتَقْدِمِينَ مِنْكُمْ وَلَقَدْ عَلِمْنَا الْمُسْتَقْدِمِينَ مِنْكُمْ وَلَقَدْ عَلِمْنَا الْمُسْتَقْدِمِينَ مِنْكُمْ

الراوي: عَبْد اللَّهِ بْن عَبَّاسٍ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 401 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৪০১. আব্দুল্লাহ বিন আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের পেছনে এক নারী সালাত আদায় করতেন, সে মানুষের মাঝে শ্রেষ্ঠ সুন্দরীদের একজন ছিলেন। ফলে কিছু সাহাবী প্রথম কাঁতারে সালাত আদায় করতেন যাতে তাকে না দেখা যায় আবার কেউ কেউ পেছনের কাঁতারে দাঁড়াতেন এবং রুকু করার সময় বগলের নিচ দিয়ে তার দিকে তাকাতেন। সেই নারীর ব্যাপারে মহান আল্লাহ আয়াত নাযিল করেন: "নিশ্চয়ই আমি জানি তোমাদের মধ্যে যারা অগ্রগামী এবং যারা পশ্চাৎগামী তাদের সম্পর্কে।"(সূরা আল হিজর: ২৪।)[1]

ফুটনোট

[1] আত তায়ালিসী: ২৭১২; সুনান বাইহাকী: ৩/৯৮; মুসনাদ আহমাদ: ১/৩০৫; তিরমিযী: ৩১২২; নাসাঈ:



২/১১৮; ইবনু মাজাহ: ১০৪৬; হাকিম: ২/৩৫৩।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাসান বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ২৪৭২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন